ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৫২৬
আগরতলা, ১ জুলাই, ২০২৫

**ট্যুরিজম ও হসপিটালিটি সেক্টরে প্রশিক্ষণ নেবে ২৪ জন**

**সাফল্যের জন্য চাই সততা, নিষ্ঠা ও কঠোর শ্রম ঃ শিল্পমন্ত্রী**

ট্যুরিজম ও হসপিটালিটি সেক্টরে প্রশিক্ষণ নেবার লক্ষ্যে আজ ২৪ জনের (দ্বিতীয় ব্যাচ) এক প্রশিক্ষণার্থীদল কলকাতার উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করেছে। এতে ৫ জন মহিলা প্রশিক্ষণার্থী রয়েছে। মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীনে দক্ষতা উন্নয়ন অধিকার ৭২ দিনব্যাপী কলকাতার বারাসতে বিনামূল্যে এই প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। সহযোগিতায় রয়েছে ট্যুরিজম ও হসপিটালিটি সেক্টর স্কিল কাউন্সিল। আজ বিকেলে ইন্দ্রনগরস্থিত মহিলা আইটিআই ভবনের সামনে সবুজ পতাকা নেড়ে ২৪ জন প্রশিক্ষণার্থী নিয়ে এমবিবি বিমানবন্দরগামী বাস যাত্রার সূচনা করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। এই বাসের ২৪ জন প্রশিক্ষণার্থী আজ সন্ধ্যা ৭টার বিমানে কলকাতার উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করবে।

এ উপলক্ষ্যে ইন্দ্রনগরস্থিত মহিলা আইটিআই ভবনের কনফারেন্স হলে আয়োজিত অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা সর্বপ্রথমে প্রশিক্ষণার্থীদের শুভেচ্ছা জানান। তিনি বলেন, সাফল্যের জন্য চাই সততা, নিষ্ঠা ও কঠোর শ্রম। এর বিকল্প নেই। তিনি বলেন, আমরা চাই রাজ্যের ছেলেমেয়েরা আত্মনির্ভড় হোক, রাজ্যের নাম উজ্জ্বল করুক। এলক্ষ্যেই মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্প চালু করা হয়েছে। এ প্রকল্পে প্রতি বছর রাজ্যে ১০ কোটি টাকা ব্যয় করা হচ্ছে। আজ রাজ্যে জাতি, জনজাতি অংশের যুবক যুবতীরা এ প্রকল্প গ্রহণ করে রাজ্য, বহি:রাজ্য ও বিদেশে কর্মসংস্থানের পথ খুঁজে পেয়েছে। বিগত দিনে এ ধরণের উদ্যোগ তেমন দেখা যায়নি। তিনি বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকার যুবক যুবতীদের স্বাবলম্বী করার জন্য নানা প্রকল্প গ্রহণ করেছে। যে যে সেক্টরে উপযুক্ত তার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। রাজ্যের আইটিআই গুলিতেও বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে ও কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। রাজ্যের স্বসহায়ক দলগুলিকেও ঋণ দেওয়া হচ্ছে। বর্তমানে রাজ্যে প্রায় ৮০ হাজার লাখপতি দিদি রয়েছেন।

স্বাগত জানিয়ে দক্ষতা উন্নয়ন দপ্তরের অতিরিক্ত অধিকর্তা এস সি দাস বলেন, এ প্রকল্পে প্রথম ব্যাচে ৪২ জন যুবক যুবতীকে কলকাতার বারাসতে পাঠানো হয়েছিল। যথাযথভাবে প্রশিক্ষণ নিয়ে তাদের মধ্যে অনেকে আজ মুম্বাই, কলকাতা, চন্ডীগড়, পুনে, গোয়া প্রভৃতি স্থানে কাজ করছে। এছাড়া বক্তব্য রাখেন এসেনসিভ এডুকেয়ার প্রাইভেট লিমিটেডের জিএম নরেন্দ্রনাথ পাল। এই সংস্থা প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ দেবে। অনুষ্ঠানে ১ম ব্যাচের ৩ জন সফল প্রশিক্ষণার্থীকে শিল্পমন্ত্রী সহ অতিথিগণ শংসাপত্র তুলে দেন এবং প্রথম ব্যাচের সফল হওয়া যুবক যুবতীদের সাফল্য ভিডিয়োর মাধ্যমে প্রদর্শন করা হয়। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা সতীর্থা পাল, মহিলা আইটিআই-এর অধ্যক্ষ ভাস্কর দেববর্মা, বয়েজ আইটিআই-এর অধ্যক্ষ জরিন্দ্র ত্রিপুরা প্রমুখ।

******